

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৭১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের পর যিকর-আযকার

### আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ صَلَّى الْفَجْرَ فِي جَمَاعَةٍ ثُمَّ قَعَدَ يَذْكُرُ اللَّهَ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ كَانَتْ لَهُ كَأَجْرِ حَجَّةٍ وَعُمْرَةٍ» . قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «تَامَّةٍ تَامَّةٍ تَامَّةٍ» . رَوَاهُ التِّرْمِذِيُّ

#### বাংলা

৯৭১-[১৩] উক্ত রাবী [আনাস (রাঃ)] থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ যে ব্যক্তি ফাজ্রের (ফজরের) সালাত (সালাত/নামায/নামাজ) জামা'আতে আদায় করল, অতঃপর বসে বসে সূর্যোদয় পর্যন্ত আলাহর যিকর করতে থাকল, তারপর দু' রাক্'আত সালাত আদায় করল, সে একটি পূর্ণ হাজ্জ (হজ/হজ্জ) ও একটি সম্পূর্ণ 'উমরার সমান সাওয়াবপ্রাপ্ত হবে। বর্ণনাকারী বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কথাটি তিনবার বলেছেন, সম্পূর্ণ হাজ্জ ও সম্পূর্ণ 'উমরার সাওয়াবপ্রাপ্ত হবে। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] হাসান লিগায়রিহী : তিরমিয়ী ৫৮৬, সহীহ আত্ তারগীব ৪৬৪। আলবানী (রহঃ) বলেন, এই হাদীসের সানাদটি মূলত দুর্বল কিন্তু এর অনেক শাহিদ বর্ণনা থাকায় তা হাসানের স্তরে উন্নীত হয়েছে।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (ثُمَّ صَلِّى رَكْفَتَيْن) ত্বীবী (রহঃ) বলেন, অর্থাৎ সূর্য এক বর্শা পরিমাণ উপরে উঠার পর দু' রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে যাতে মাকরহ ওয়াক্ত শেষ হয়ে যায়। আর এ সালাতকে সালাতুল ইশরাক বলা হয়। আর এটি চাশ্তের (চাশতের) সালাতের প্রারম্ভিকা।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন